গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ক্রয় ও অর্থনৈতিক অধিশাখা

সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি) এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ)-এর জন্য সারসংক্ষেপ প্রণয়ন ও প্রেরণে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সঙ্গে ভার্চুয়াল মতবিনিময় সভায় আলোচিত বিষয়াবলির রেকর্ড নোটস।

| | |
|---|---|
| সভাপতি | মোসাম্মৎ নাসিমা বেগম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১০/০৮/২০২০ |
| সভার সময় | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

১.০ সভাপতি উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে ভার্চুয়াল মতবিনিময় সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের ক্রয় প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সঙ্গে অনুষ্ঠিত এটি দ্বিতীয় সভা। গত ০৮/০৯/২০১৯ তারিখে প্রথমবারের মত এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভা আয়োজনের প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে সরকারি ক্রয় প্রক্রিয়া ও কার্যক্রমকে যথাসম্ভব ত্রুটিমুক্ত রাখা, ত্বরান্বিত করা এবং ক্রয় কার্যক্রমে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের মধ্যে সুসমন্বয় রক্ষা করা। ফোকাল পয়েন্টগণের চাকরি বদলিযোগ্য বিধায় প্রতিবছর অন্ততঃ একবার এ ধরণের মতবিনিময় সভার আয়োজন করা যেতে পারে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন।

২.০ সভাপতি সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি) এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ)-এর জন্য সারসংক্ষেপ প্রণয়ন ও প্রেরণের সঙ্গে সংশ্লিষ্ট Rules of Business, 1996, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮-এর প্রাসঙ্গিক বিধি-বিধানসমূহ উল্লেখ করেন। অতঃপর, তিনি COVID-19 পরিস্থিতি চলাকালে বিরাজমান পরিস্থিতিতে সরকারি ক্রয় কার্যক্রম নিরবচ্ছিন্ন ও সুষ্ঠুভাবে পরিচালনা করার স্বার্থে মন্ত্রিপরিষদ বিভাগে সারসংক্ষেপ প্রেরণ পদ্ধতি ও আনুষঙ্গিক বিষয়াদির উপর বিস্তারিত আলোকপাত করেন। সভাপতির উপস্থাপনা শেষে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ তাঁদের মূল্যবান মতামত/পর্যবেক্ষণ ব্যক্ত করেন। সভায় আলোচিত উল্লেখযোগ্য বিষয়াদির রেকর্ড নোটসমূহ নিম্নে উপস্থাপিত হলো:

২.১. সভাপতি জানান যে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এবং সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি)-এর সভায় উপস্থাপনের জন্য বৈশ্বিক মহামারি কভিড-১৯-এর পূর্বে ৩৫ সেট প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হতো। বর্তমানে প্রস্তাবের হার্ডকপি হস্তান্তরে COVID-19 সংক্রমণের ঝুঁকির আশঙ্কা থাকায় এবং ইতঃপূর্বে মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যক্রম সীমিত পরিসরে চলমান থাকায় এপ্রিল ২০২০ হতে ই-নথির মাধ্যমে প্রস্তাবসমূহ নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হয়। বর্তমানে মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যক্রম ক্রমান্বয়ে স্বাভাবিক হয়ে আসলেও কভিড-১৯ এর প্রাদুর্ভাব বিদ্যমান থাকায় পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সারসংক্ষেপসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব ই-নথিতে প্রেরণ করা অব্যাহত রাখা যেতে পারে। কোনো স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব ই-নথিতে প্রেরণের পূর্বে ই-মেইলের মাধ্যমে প্রস্তাবের খসড়া সারসংক্ষেপ এ বিভাগে (উপসচিব, ক্রয় ও অর্থনৈতিক অধিশাখা) প্রেরণ করে পরীক্ষা করে দেখা যেতে পারে, যাতে আনুষ্ঠানিক প্রস্তাব প্রেরণকালে ভুল-ভ্রান্তি, অস্পষ্টতা বা অপর্যাপ্ত তথ্য ইত্যাদি সংশোধন করে নেয়ার বিধান [Rules of Business, 1996-এর বিধি 19(5)] প্রতিপালিত হয়। এতে সময় সাশ্রয় হবে এবং যথাসম্ভব শুদ্ধভাবে মন্ত্রিসভা কমিটিতে প্রস্তাব উপস্থাপন করা সম্ভব হবে।

২.৩. সভাপতি আরও জানান যে সিসিইএ এবং সিসিজিপি-এর জন্য সারসংক্ষেপের বিষয় অর্থপূর্ণ, স্পষ্ট ও স্বয়ংসম্পূর্ণ হওয়া প্রয়োজন। সারসংক্ষেপ আকারে বেশি বড় হবে না; ৩ থেকে ৪ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ থাকা সমীচীন। ই-নথিতে প্রস্তাব প্রেরণের সময় সারসংক্ষেপের সংলাগসমূহ আলাদা করে না দিয়ে সংলাগসমূহের উপরে সংলাগ নম্বর লিখে ৫/৬টি সংলাগ একত্রে স্ক্যান করে একটি পিডিএফ ফাইলে গ্রুপ করে গুচ্ছভাবে প্রেরণ করা যেতে পারে। সংলাগের পিডিএফ ফাইলসমূহের নাম এমনভাবে নির্ধারণ করতে হবে যেন পিডিএফ ফাইলের নাম হতে বোঝা যায় যে উক্ত পিডিএফ ফাইলে কতটি সংলাগ রয়েছে (যেমন: Attachments 1-5)। এছাড়া, সংলাগসমূহের স্ক্যানড কপি পাঠযোগ্য ও বোধগম্য হতে হবে। ই-নথিতে প্রেরণ করা হয়েছে এমন সারসংক্ষেপে কোনো পরিবর্তন আনয়ন করে পুনরায় প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সারসংক্ষেপ ও ফরোয়ার্ডিং-এর উপরে 'একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত' মর্মে উল্লেখ করতে হবে। এছাড়া, প্রতিস্থাপিত সারসংক্ষেপের কোন্ অনুচ্ছেদে পরিবর্তন করা হয়েছে তা অনতিবিলম্বে এ বিভাগ (উপসচিব, ক্রয় ও অর্থনৈতিক অধিশাখা)-কে অবহিত করতে হবে। প্রস্তাব ই-নথিতে প্রেরণের সাথে প্রতিটি প্রস্তাবের ৩টি হার্ড কপি (ই-নথির ফরওয়ার্ডিংসহ) এবং সারসংক্ষেপের word file-এর soft copy পেনড্রাইভ ও ই-মেইলে এ বিভাগে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, দরপত্রের বৈধতার মেয়াদ (Bid Validity) মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রাপ্তির তারিখ হতে কমপক্ষে ২(দুই) সপ্তাহ থাকতে হবে।

২.৪. সভাপতি অবগত করেন যে কমিটির সভা আহ্বান করতে হলে Rules of Business, 1996-এর Rule 21(2) অনুযায়ী কমপক্ষে সভার তিন দিন পূর্বে নোটিশ দিতে হয়। এ কারণে কমিটির সভায় উপস্থাপনের জন্য Rule 19(4) অনুযায়ী সভার কমপক্ষে চার কার্যদিবস পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব পাঠাতে হয় এবং জটিলতারোধে সারসংক্ষেপ ও অগ্রায়নপত্র স্বাক্ষরের তারিখ যথাসম্ভব একই হওয়া সমীচীন।

২.৫. সভাপতি আরও অবগত করেন যে দরপত্র/দরপ্রস্তাব মূল্যায়নের সময় দরদাতা প্রতিষ্ঠানের আইনি ভিত্তি (যেমন: ঠিকাদারি লাইসেন্স, Joint Stock Company-এর নিবন্ধন সনদ, পিপিআর, ২০০৮-এর বিধি-৫৪ অনুযায়ী যৌথ উদ্যোগ গঠনের স্বাক্ষরিত চুক্তি ইত্যাদি), সুপারিশকৃত প্রতিষ্ঠানের পূর্বকাজের গুণগতমান এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সরকারকে আয়কর (Income Tax) প্রদান সংক্রান্ত তথ্য-উপাত্ত সারসংক্ষেপে উল্লেখ থাকা আবশ্যক। এছাড়া, পিপিআর, ২০০৮ এর বিধি ৩৬(১)(১ক) অনুযায়ী অনুমোদনকারী কর্তৃপক্ষের জন্য ক্রয়প্রস্তাবের সঙ্গে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতির ঘোষণা এবং দরপত্র মূল্যায়নে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের সহিত সর্বনিম্ন মূল্যায়িত দর সামঞ্জস্যপূর্ণ কি না সে সম্পর্কে যৌক্তিকতাসহ ঘোষণা সারসংক্ষেপে উল্লেখ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে মুদ্রা বিনিময় হারের সঙ্গে ব্যাংকের নাম ও তারিখ উল্লেখ করা বাধ্যতামূলক।

২.৬. সভায় মতবিনিময় কালে ত্রুটিমুক্ত ও স্বয়ংসম্পূর্ণ সারসংক্ষেপ প্রেরণের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। প্রসঙ্গত উল্লেখ করা হয় যে, অনেক ক্রয় প্রস্তাবের সারসংক্ষেপে ডিপিপি/আরডিডিপি একনেক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের তারিখ, বরাদ্দকৃত অর্থ, ক্রয় পদ্ধতি, দরপত্র নন-রেসপন্সিভ হওয়ার কারণ, দরপত্রের মেয়াদ, বিবেচ্য প্রস্তাবটি ইতঃপূর্বে কমিটির সভায় উপস্থাপন করা হয়েছিল কিনা, প্রস্তাবিত মূল্য ভ্যাট/ট্যাক্স/এটিআই/আইটিসহ না এগুলো ব্যতীত ইত্যাদি-এর তথ্য উল্লেখ থাকে না। আবার অনেক ভেরিয়েশন প্রস্তাবে ভেরিয়েশনের কারণ, টেন্ডার্ড আইটেম, নন-টেন্ডার্ড আইটেমের পরিমান ও মূল্য নির্ধারণের পদ্ধতি, মূল চুক্তি অনুযায়ী কাজের সর্বশেষ অগ্রগতির তথ্য সারসংক্ষেপে উল্লেখ থাকে না। আবার অনেক প্রস্তাবের বিষয়ে অভিযোগ/মামলা-মোকদ্দমা থাকলেও তা সারসংক্ষেপে উল্লেখ থাকে না এবং মামলার বিষয়ে হালনাগাদ তথ্য বা মাননীয় আদালতের আদেশ ও বিজ্ঞ আইনজীবীর কোনো মতামত সংলাগ আকারে সংযুক্ত থাকে না, যা থাকা বাঞ্ছনীয়। ফলে ক্রটিপূর্ণ এ ধরনের অসম্পূর্ণ প্রস্তাব নিষ্পত্তির জন্য পরবর্তী কার্যক্রম গ্রহণ বিলম্বিত হয়। এ প্রেক্ষাপটে সিসিজিপির জন্য সারসংক্ষেপ প্রণয়নের সময় পিপিআর, ২০০৮-এর তফসিল-১৪ এবং বিভিন্ন সময় এ বিভাগ কর্তৃক জারিকৃত অনুশাসন/নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়।

২.৭. কোনো ক্রয় প্রস্তাব অর্পিত কাজ (delegated work) হিসাবে বিবেচিত হয়ে থাকলে পিপিআর, ২০০৮-এর বিধি ১২ অনুযায়ী নির্বাহক এজেন্সির (executing agency) নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের মাধ্যেমে উক্ত প্রস্তাবের সারসংক্ষেপ প্রণয়ন ও প্রেরণ করতে হবে।

২.৮. সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য প্রেরিত সারসংক্ষেপে অনেক বানান ভুল পরিলক্ষিত হয়। সারসংক্ষেপ প্রণয়নের সময় বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত সর্বশেষ বাংলা অভিধান এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এ সংক্রান্ত প্রকাশিত পুস্তিকা ব্যবহার করা যেতে পারে। বাংলার জন্য নিকস ফন্ট এবং ইংরেজির জন্য Times New Roman ফন্ট ব্যবহার করতে হবে।

৩.০. পরিশেষে, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য নির্ভুল ও স্বয়ংসম্পূর্ণ সারসংক্ষেপ প্রণয়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ ও সিপিটিইউ-এর জারিকৃত সংশ্লিষ্ট বিধি-বিধান যথাযথভাবে অনুসরণের আহ্বান জানিয়ে এবং আলোচনায় অংশগ্রহণের জন্য উপস্থিত কর্মকর্তাগণকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে ভার্চুয়াল মতবিনিময় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Nasima

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব

তারিখ: ৮ ভাদ্র ১৪২৭
২৩ আগস্ট ২০২০

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৬১২.৯৯.০০২.১৭.১৩১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৪) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
৫) সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
৬) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
৭) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
৮) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৯) সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
১২) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩) সচিব, কৃষি মন্ত্রণালয়
১৪) সচিব, ভূমি মন্ত্রণালয়
১৫) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৬) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
১৭) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
১৮) সচিব, শিল্প মন্ত্রণালয়
১৯) সচিব, সেতু বিভাগ
২০) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
২১) সচিব, রেলপথ মন্ত্রণালয়
২২) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২৩) সচিব, খাদ্য মন্ত্রণালয়
২৪) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২৫) সচিব, সচিবের দপ্তর, তথ্য মন্ত্রণালয়
২৬) সচিব, বিদ্যুৎ বিভাগ
২৭) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২৮) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
২৯) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩০) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়
৩১) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৩২) মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ( মাননীয় অর্থ মন্ত্রীর সদয় আবগতির জন্য)।
৩৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

খন্দকার ইসতিয়াক আহমেদ
উপসচিব

১০/০৮/২০২০ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত সরকারি ক্রয় ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সারসংক্ষেপ প্রণয়ণের বিষয়ে মতবিনিময়ের লক্ষ্যে জুম অ্যাপের মাধ্যমে ভার্চুয়াল সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের তালিকা:

| SL | Officers Name and Designation | Ministry/Division | Mobile No and E-mail Address |
|---|---|---|---|
| 1 | Mohammad Manir Hossain, DS, 017186670894 | ICT Division 41024037 | manir@ictd.gov.bd |
| 2 | Nazmul Haque, DS, | Ministry of Railways 41050246, | nazmul55@yahoo.com 01711692979 |
| 3 | Shereen Akhter, SAC, | SSD, MoHA 9565575 | shereensukhi@yahoo/com 01716323838 |
| 4 | Sultana Yasmin, DS | Road Transport 9575514 | sultanayp@gmail.com 01731603420 |
| 5 | Ali Kabir | Ministry of Railways 47184323 | sasdev1@mor.gov.bd 01711691623 |
| 6 | Asma, DS, | MOPME 9515589 | sasd.mopme@gmail.com 01715096700 |
| 7 | Md.Mainul Islam Titas | Min of Science and Technology 9574419 | section20@most.gov.bd section2@most.gov.bd 01726921337 |
| 8 | Md. Nobir Uddin | ICT Division | nobir@ictd.gov.bd 01717178030 |
| 9 | Mahmudul Islam, Add Secy, | MoWR 9573766 | add.sec.dev@mowr.gov.bd 01819138338 |
| 10 | Abul Kalam Azad | Ministry of Food | azadadmin22@gmail.com |
| 11 | Mohammad Ashraful Alam Khan, DS, | RTHD 9561225 | ashraftito2007@gmail 01752563430 |
| 12 | JesminParvin Deputy Secretary | Local Government Division 9575567 | jesminp0@gmail.com 01550153786 |
| 13 | Syeda Salma Begum, DS, | RTHD 9575529 | salma.begum50@yahoo.com 017112622713 |
| 14 | Aspia Aktar | ICTD | aspia.dc@ictd.gov.bd 41024035 |
| 15 | Sk Md Balayet Hossain DS | EMRD 9540271 | belayet.admn25@gmail.com 01726023863 |
| 16 | Md. Makhjanul Islam Tauhid, Senior Assistant Chief, | Road Transport and Highways Division 9550237 | makhjan.office@gmail.com 01938090712 |
| 17 | Shamima khandaker, Senior Assistant Secretary, | Medical Education & Family Welfare Division | shammykhandaker@yahoo.com 01816524815 |
| 18 | Md Kamal Ataher Hossain, Deputy Chief, | SSD 9577885 | kahossain2001@yahoo.com 01711132742 |
| 19 | Abdullah Arif Muhammad SAS | EMRD 9570062 | aarifmu@gmail.com 01711103405 |

| SL | Officers Name and Designation | Ministry/Division | Mobile No and E-mail Address |
|---|---|---|---|
| 20 | Shaikh Farid Ahmed, DS | SSD, MoHA 9550017 | faridahmed15253@gmail.com 01914707512 |
| 21 | Md.Saiful Islam JS | Medical Education and Family Welfare Division | saifulislammd67@yahoo.com 9540868 |
| 22 | Lubna Yasmine, Deputy Chief, | MOCAT, 9540940 | yasmin_lubna@yahoo.co.uk 01703445803 |
| 23 | Nasrin Jahan, DS | MOPME, 951228 | dsd.mopme @gmail.com 01776611174 |
| 24 | Mohammad Zahidul Islam Mian, SAS, | Ministry of Shipping | zaahid25@yahoo.com 01711165819 |
| 25 | SultanaYasmin, Deputy Secretary, | Road Transport and Highways Division. 9575514 | sultanayp@gmail.com 01731603420 |
| 26 | Mohammad Mozammel Haque, Deputy Secretary | Power Division 9540211 | mhaque1159@gmail.com 01712568670 |
| 27 | Asma, DS, | MOPME 9577257 | bristibapon@gmail.com 01741662000 |
| 28 | Md. Showkat Ali, Joint Secretary, | Ministry of Housing & Public Works, 9540544 | showkat17@gmail.com 01711581588 |